পরীক্ষা প্রস্তুতি

# ফুড সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষা প্রস্তুতি: ৮

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইসস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে। পরীক্ষা ২৭ জানুয়ারি ২০১৯ তারিখ।।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজে থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনো একটি ভাষায়।

**1. সম্প্রতি কে ফ্র্যাঙ্কো-জার্মান মানবাধিকার পুরস্কার (Franco-German Human Rights) জেতেন?**
(a) Maria da Penha (b) Yu Wensheng
(c) Thun Saray (d) Wang Qiaoling

**2. নাসিক শহর কোন নদীর তীরে অবস্থিত?**
(a) মহানদী (b) তাপ্তী
(c) গোদাবরী (d) কৃষ্ণা

**3. একজন পূর্ণবয়স্ক ব্যক্তির হৃৎপিণ্ডের ওজন কত?**
(a) এক কিলোগ্রাম (b) পাঁচশো কিলোগ্রাম
(c) তিনশো গ্রাম (d) কোনোটি সঠিক নয়

**4. 'নিশীথ সূর্যের দেশ' কোনটি?**
(a) জাপান (b) নরওয়ে
(c) আলাস্কা (d) অস্ট্রেলিয়া

**5. 140 টাকায় একটি বই কিনে133 টাকায় বিক্রি করলে শতকরা কত ক্ষতি হবে?**
(a) 5% (b) 7%
(c) 10% (d) 12%

**6. ভারতের কোন রাজ্য সর্বপ্রথম কৃষি আয়কর বসায়?**
(a) অসম (b) বিহার
(c) পশ্চিমবঙ্গ (d) তামিলনাড়ু

**7. জওহরলাল টানেল কোন রাজ্যে অবস্থিত?**
(a) কর্নাটক (b) পশ্চিমবঙ্গ
(c) কেরালা (d) জম্মু ও কাশ্মীর

**8. একটি কোম্পানির একজন কর্মচারীর পরিবর্তে এলেন নতুন একজন, তাতে প্রত্যেক কর্মচারীর গড় মাসিক বেতন 40 টাকা করে কমে যায়। যদি কোম্পানিতে 5 জন কর্মচারী থাকেন এবং চলে যাওয়া কর্মীটির মাসিক বেতন 550 টাকা হয় তবে নবাগত কর্মচারীর বেতন হবে.........**
(a) Rs 450 (b) Rs 400
(c) Rs 350 (d) Rs 300

**9. একটি নৌকা স্রোতের প্রতিকূলে 30 কিমি ও স্রোতের অনুকূলে 44 কিমি যেতে মোট 10 ঘণ্টা সময় নেয়। আবার, স্রোতের প্রতিকূলে 40 কিমি ও স্রোতের অনুকূলে 55 কিমি যেতে মোট 13 ঘণ্টা সময় লাগে। স্থির জলে নৌকার বেগ ও স্রোতের বেগ কত?**
(a) 2 কিমি/ঘণ্টা (b) 3 কিমি/ঘণ্টা
(c) 5 কিমি/ঘণ্টা (d) 4 কিমি/ঘণ্টা

**10. কার পর রাজিয়া সিংহাসনে বসেন?**
(a) বাহরাম (b) কুতুবউদ্দিন আইবক
(c) ইলতুৎমিস (d) কোনোটি সঠিক নয়

**11. মরুভূমিতে জন্মানো উদ্ভিদকে কী বলে?**
(a) হ্যালোফাইট (b) জেরোফাইট
(c) হাইড্রোফাইট (d) কোনোটি সঠিক নয়

**12. উদীয়মান বা অস্তগামী সূর্যকে লাল দেখানোর কারণ কী?**
(a) বিক্ষেপণ (b) ব্যতিচার
(c) প্রতিফলন (d) প্রতিসরণ

**13. 'এন্টোমোলজি' কোন বিষয়ের চর্চাকে বোঝায়?**
(a) পতঙ্গ (b) সংখ্যা
(c) মুদ্রা (d) কোনোটি সঠিক নয়

**14. হিন্দি চলচ্চিত্র জগতের সঙ্গে যুক্ত কোন ব্যক্তিত্ব সিকিম রাজ্যের ব্যান্ড অ্যাম্বাসডর?**
(a) দীপিকা পাড়ুকোন (b) এ আর রহমান
(c) নাসিরুদ্দিন শাহ (d) শাবানা আজমি

**15. সম্প্রতি কে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিলের সিইও পদে নিযুক্ত হয়েছেন?**
(a) K P Sharma (b) Manu Sawhney
(c) Mohan Das Pai (d) Vinod Rai

**16. কোন রাজ্য সম্প্রতি পাখিদের জন্য হাসপাতাল করার সিদ্ধান্ত নিয়েছে?**
(a) দিল্লি (b) কেরালা
(c) রাজস্থান (d) মধ্যপ্রদেশ

**17. পল্লব রাজারা কোন দেবতার পূজারী ছিলেন?**
(a) মহাবীর (b) বিষ্ণু
(c) শিব (d) কোনোটি সঠিক নয়

**18. বৈদ্যুতিক বাতির ফিলামেন্ট কিসের তৈরি?**
(a) টাংস্টেন (b) গ্র্যাফাইট
(c) প্ল্যাটিনাম (d) তামা

**19. কত সালে রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠিত হয়?**
(a) ১৮৯৭ (b) ১৮৯৮
(c) ১৮৯৯ (d) কোনোটি সঠিক নয়

**20. ২০১৯ সালে ২৭তম নয়াদিল্লি বিশ্ব বই মেলার থিম কী?**
(a) Books opening the mind. Doors opening the future
(b) Vivid Bharat-Diverse India
(c) Readers with Special Needs
(d) Kathasagara: Celebrating Children's Literature

**21. ভারতের সবথেকে বড় মিঠা জলের হ্রদ কোনটি?**
(a) সম্বর হ্রদ (b) চিলকা হ্রদ
(c) উলার হ্রদ (d) কোনোটি নয়

**22. দ্বৈত শাসনব্যবস্থার প্রবর্তক কে?**
(a) লর্ড ক্লাইভ (b) লর্ড ডালহৌসি
(c) লর্ড ক্যানিং (d) কোনোটি সঠিক নয়

**23. 'স্বরাজ আমার জন্মগত অধিকার'— একথা কে বলেছিলেন?**
(a) লালা লাজপত রায় (b) লোকমান্য তিলক
(c) মহাত্মা গান্ধী (d) বল্লভভাই প্যাটেল

**24. সিপাহী বিদ্রোহের কোন নেতাকে গ্রেপ্তার করে ফাঁসি দেওয়া হয়?**
(a) রানী লক্ষ্মীবাই (b) তাঁতিয়া টোপি
(c) টিপু সুলতান (d) নানাসাহেব

RICE EDUCATION

**25. সম্প্রতি ভারতের কোন রাজ্যে ‘সিঙ্গল লেন কেবল সাসপেনশন ব্রিজ’ খোলা হয়?**

(a) হিমাচল প্রদেশ (b) অরুণাচল প্রদেশ
(c) ওড়িশা (d) গুজরাট

**26. ম্যান বুকার পুরস্কার কোন ক্ষেত্রে দেওয়া হয়?**

(a) সাহিত্য (b) শিল্প
(c) সঙ্গীত (d) কোনোটি সঠিক নয়

**27. প্রার্থনা সমাজের প্রতিষ্ঠাতা কে?**

(a) স্বামী বিবেকানন্দ (b) রামকৃষ্ণ পরমহংস
(c) আত্মারাম পাণ্ডুরঙ্গ (d) কোনোটি সঠিক নয়

**28. দশম শিখ গুরু গোবিন্দ সিং কত সালে জন্মগ্রহণ করেন?**

(a) ১৬৬০ (b) ১৬৬৬
(c) ১৬৫৯ (d) ১৬৬৮

**29. লেনিন রাজেন্দ্রন (সম্প্রতি মারা গিয়েছেন) নিম্নলিখিত কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?**

(a) রাজনীতি (b) সাংবাদিকতা
(c) খেলা (d) চলচ্চিত্র তৈরি

**30. ভারতের বৃহত্তম জাহাজ তৈরির কেন্দ্র কোনটি?**

(a) কোচি (b) তুতিকোরিন
(c) পারাদ্বীপ (d) কোনোটি সঠিক নয়

## ANSWERS

1. (b) 2. (c) 3. (c) 4. (b) 5. (a) সমাধান: মোট ক্ষতি হয় = (140–133) টাকা 7 টাকা।

তাহলে, শতকরা ক্ষতি হবে= $\left(\frac{7}{140}\times 100\right)$ টাকা = 5%।

6. (b) 7. (d) 8. (c) মোট বেতন কমে গেল (40×5) = 200 টাকা

বিদায়ী কর্মচারীর বেতন ছিল 550 টাকা।

নতুন কর্মচারীর বেতন 200 টাকা কম হলে তবে সকলের গড় বেতন 40 টাকা করে কমবে।

নতুন কর্মচারীর বেতন হবে = (550 – 200) টাকা = 350 টাকা।

9. (b) প্রথমে প্রশ্নটিকে নিচের ছক অনুসারে সাজাতে হবে।

| স্রোতের প্রতিকূলে | স্রোতের অনুকূলে | সময় |
|---|---|---|
| 30 | 44 | 10 |
| 40 | 55 | 13 |

এখন, ‘cross-multiplication’-এর নিয়ম প্রয়োগ করে পাই।

স্রোতের প্রতিকূলে বেগ = $\frac{30\times 55-40\times 44}{55\times 10-44\times 13}=\frac{-110}{-22}$ = 5 কিমি/ঘণ্টা

স্রোতের অনুকূলে বেগ = $\frac{30\times 55-40\times 44}{30\times 13-40\times 10}=\frac{-110}{-10}$ = 11 কিমি/ঘণ্টা

অতএব, নৌকার বেগ = $\frac{1}{2}(11+5)=8$ কিমি /ঘণ্টা [Basic rule 2(iii)]

এব স্রোতের বেগ = $\frac{1}{2}(11-5)=3$ কিমি /ঘণ্টা [Bssic rule 2(IV)].

10. (c) 11. (b) 12. (a) 13. (a) 14. (b) 15. (b) 16. (a) 17. (b) 18. (a) 19. (a) 20. (c) 21. (c) 22. (a) 23. (b) 24. (b) 25. (b) 26. (a) 27. (c) 28. (b) 29. (d) 30. (a)